

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৩(১১)শুক্র-৪/৮২/১৭৭

তারিখ ১৭.২.১৯৮০

প্রেরক: ড: মো: রফিকুল ইসলাম  
দ্বিতীয় সচিব (শুক্র)।

- প্রাপক: ১। কালেক্টর  
(কাস্টম হাউস) শুক্র ভবন  
ঢাকা/চট্টগ্রাম।
- ২। কালেক্টর  
শুক্র ও আবগারী  
ঢাকা/চট্টগ্রাম/খুলনা।

বিষয়: বিমান বন্দর ও সমুদ্র বন্দরগুলিতে শুক্রমুক্ত বিপনী কেন্দ্র স্থাপন প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, সম্প্রতি মন্ত্রী-পরিষদ বৈঠকে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হইয়াছে:

- (ক) ঢাকা আন্তর্জাতিক বিমান বন্দরে শুক্রমুক্ত বিপনী কেন্দ্র আরও আকর্ষণীয় মালামালসহ রক্ষিত করিবার প্রচেষ্টা লইতে হইবে।
- (খ) চট্টগ্রাম ও সিলেট বিমান বন্দরে এবং চালনা ও চট্টগ্রাম সমুদ্র বন্দরে শুক্রমুক্ত বিপনী কেন্দ্র স্থাপন করিবার ৩০.০৬.১৯৮২ইং তারিখের মন্ত্রী পরিষদ সিদ্ধান্ত বাতিল করা হয়। ঢাকা ব্যতীত আর কোন বিমান বন্দরে শুক্রমুক্ত বিপনী খোলা হইবে না।
- (গ) শুক্রমুক্ত বিপনী কেন্দ্র পরিচালনার দায়িত্ব শুধুমাত্র বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের নিকট থাকিবে।
- (ঘ) বেসরকারী খাতে আর কোন বন্ডেড ওয়্যার হাউস স্থাপন করিবার অনুমতি দেওয়া হইবে না।
- (ঙ) বিদেশী কুটনীতিবিদগণ এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্পে নিয়োজিত বিদেশী কর্মকর্তা/কর্মচারীগণ মাত্রাতিরিক্ত শুক্র সুবিধা না গ্রহণ করে, তজ্জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগ যৌথভাবে পর্যালোচনা করিয়া কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিবে।

স্বাক্ষরিত/-

[ ড: মো: রফিকুল ইসলাম ]  
দ্বিতীয় সচিব (শুক্র)